**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**20 FEBRUARY 2025** **7:35AM**

==========================================================================

আসাম বিধানসভার বাজেট অধিবেশনের দ্বিতীয় দিন বিরোধি দলের বেশ কয়েকজন সদস্য কয়লা সিন্ডিকেট , অসম চুক্তির ৬ নম্বর ধারা রূপায়ন , ডিটেনশন ক্যাম্প সহ বিভিন্ন প্রসঙ্গ উত্থাপন করার প্রয়াস করেন । অধ্যক্ষ বিশ্বজিৎ দৈমারী সদস্যদের দাবী অগ্রাহ্য করেন । প্রশ্নোত্তর কালেও একই বিষয় নিয়ে বিরোধিরা সভা স্থগিত রাখার প্রস্তাব উত্থাপনের দাবী জানান । অধ্যক্ষ শ্রী দৈমারী সভার কাজকর্ম পরিচালনা নিয়মের অধীনে এই বিষয়গুলো আলোচনা করা যাবে বলে বিরোধি সদস্যদের আশ্বস্ত করার প্রয়াস করলেও সভায় হইহট্টগোল পরিস্থিতি অব্যাহত থাকে । এদিকে শাসক দলের সদস্যরা অসম লোকসেবা আয়োগের নিযুক্তি কেলেঙ্কারী সম্পর্কে অবসরপ্রাপ্ত বিচারপতি বিপ্লব কুমার শর্মা কমিটির প্রতিবেদন নিয়ে আলোচনা করার দাবী জানায় । এ ধরণের হই হট্টগোল পরিস্থিতির জন্য অধ্যক্ষ শ্রী দৈমারী তিনবার সভার কাজকর্ম স্থগিত রাখেন । পরে পুনরায় সভার কাজকর্ম শুরু হলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা বিধায়কদের উত্থাপন করা বিষয়গুলো সম্পর্কে আলোচনা করতে রাজ্য সরকার প্রস্তুত বলে জানান এবং উপাধ্যক্ষ নুমল মমিনকে আলোচনার দিন নির্ধারণ করার অনুরোধ জানান ।

---

রাষ্ট্র নির্মাণের প্রথম খোঁজই হলো ভোটদান এবং ১৮ বছর সম্পূর্ন করা প্রত্যেক নাগরিকের উচিত দেশের ভোটদান প্রক্রিয়ায় অংশগ্রহন করা । দেশের মূখ্য নির্বাচন কমিশনার হিসেবে কার্যভার গ্রহণ করার পর জনসাধারণের উদ্দেশ্যে এক বার্তায় জ্ঞানেশ কুমার বলেন যে দেশের সংবিধান ,নির্বাচনী আইন , নিয়ম ও নির্দেশ অনুযায়ী নির্বাচন কমিশন সর্বদা ভোটদাতাদের সঙ্গে রয়েছে এবং আগামীতেও থাকবে ।

---

ডিমা হাসাও জেলার উমরাংশুর কয়লা খনিতে গত মাসে সংগঠিত কয়লা খনি দূর্ঘটনার প্রায় ৪৩ দিন পর গতকাল জাতীয় দূর্যোগ ব্যাবস্থাপনা বাহিনী এবং সেনাবাহিনীর উদ্ধারকারী দল আরো ৫ জন শ্রমিকের মৃতদেহ উদ্ধার করেছে । তবে মৃতদেহগুলি বিকৃত হয়ে যাওয়ায় শণাক্ত করা সম্ভব হয় নি । অত্যাধুনিক পরীক্ষার দ্বারা মৃতদেহ শণাক্ত করা যাবে বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন । উল্লেখ্য গত ৬ই জানুয়ারীতে রেট হোল কয়লা খনির মধ্যে ৯ জন খনি শ্রমিক আবদ্ধ থাকা ঘটনাস্থল থেকে এপর্যন্ত সবকটি মৃতদেহ উদ্ধার করা হয়েছে ।

---

শিলচর ক্যান্সার সেন্টারের অত্যাধুনিক পেট-সিটি সুবিধার আজ উদ্বোধন করা হয়েছে । অসম ক্যান্সার কেয়ার ফাউন্ডেশনের চিফ অপারেটিং অফিসার ডক্টর জয় প্রকাশ প্রসাদ এবং শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতালের অধ্যক্ষ ডক্টর ভাস্কর গুপ্ত এই অত্যাধুনিক প্রযুক্তি প্রতিষ্ঠানের

উদ্বোধন করেন । সভায় বিশিষ্ট চিকিৎসক ইন্দ্রনীল সিনহা বলেন যে পেট-সিটি প্রযুক্তির সাহায্যে ক্যান্সার শনাক্তকরন , ক্যান্সারের পর্য্যায় নির্ধারন এবং চিকিৎসার অগ্রগতিতে সাহায্য হবে । অধ্যক্ষ ডাঃ ভাস্কর গুপ্ত বলেন যে এই প্রকল্প বাস্তবায়নে বরাক উপত্যকার স্বাস্থ্য সেবার মানোন্নয়নে এক নতুন দিগন্তের সূচনা হবে । উদ্বোধনী অনুষ্ঠানে জেলা প্রশাসনের পক্ষে সহকারী আয়ুক্ত জোনালী দেবী , বিজেপির জেলা সভাপতি রূপম সাহা , প্রাক্তন অধ্যক্ষ ডাঃ সুজিত নন্দি পুরকায়স্থ প্রমূখ উপস্থিত ছিলেন ।

---

হাইলাকান্দি জেলার যুগ্ম সঞ্চালক ডক্টর অলকানন্দা নাথ ও এস কে রায় সিভিল হাসপাতালের অধিক্ষক ডক্টর দেবব্রত দত্তের এজাহারের ভিত্তিতে হাইলাকান্দি পুলিশ সি আর এস পোর্টালে ভূয়ো জন্মের প্রমাণ পত্র আপলোড করার বিষয়ে তদন্ত শুরু করেছে । এই ভূয়ো জন্মের প্রমাণ পত্রগুলো হাইলাকান্দি জেলার বেশ কয়েকটি স্বাস্থ্য কেন্দ্রের চিকিৎসকদের সই জাল করে প্রস্তুত করা হয়েছে ।

এ বিষয়ে জেলার অতিরিক্ত আয়ুক্ত ত্রিদিব রায় সমগ্র হাইলাকান্দি জেলায় একটি বড় চক্র সক্রিয় থাকার সম্ভাবনার কথা উল্লেখ করে বলেন -- বাইট

**ত্রিদিব রায়- এ ডি সি - ৩১ সেকেন্ড**

---

শিশু স্বাস্থ্য সেবায় বিশেষ অবদান রাখার জন্য কাছাড় জেলার তিনটি রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কর্মসূচী মোবাইল স্বাস্থ্য দলকে সম্মানিত করা হয়েছে । লক্ষীপুর , সোনাই ও ধলাই স্বাস্থ্য ব্লকের আর বি এস কে সম্মানিত করা হয়েছে । পাশাপাশি ব্যাক্তিগত দক্ষতা ও নিষ্টার স্বীকৃতি স্বরূপ তিনজন স্বাস্থ্য কর্মীকেও পুরষ্কৃত করা হয়েছে । স্বাস্থ্য বিভাগের যুগ্ম-সঞ্চালক ডক্টর শিবানন্দ রায়ের পৌরহিত্যে আয়োজিত পর্য্যালোচনা সভায় মোবাইল স্বাস্থ্য দলের সামনতে দেখা দেওয়া কিছু প্রত্যাহ্বান চলতি ফেব্রুয়ারী মাসে ই সমাধান করতে নির্দেশ দিয়েছেন ।

---

আসাম প্রিমিয়ার ক্লাব কাপ প্রতিযোগীতার দক্ষিনাঞ্চল জোনের ম্যাচগুলি সমান্তরালভাবে হাইলাকান্দি ও ডিফুতে অনুষ্টিত হচ্ছে । হাইলাকান্দির নেতাজী সুভাস চন্দ্র বসু স্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগীতার আজকের খেলায় করিমগঞ্জ ইয়ুথ স্কোয়ার মূখোমূখি হবে লক্ষীপুরের রাইজিং ক্লাবের বিরুদ্ধে ।

এদিকে গতকালের খেলায় করিমগঞ্জ ইউথ স্কোয়ার ২০৬ রানের বিশাল ব্যবধানে কার্বি আংলয়ের লো বাজেট ক্রিকেট ক্লাবকে পরাজিত করেছে ।

---

---